

বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন  
আদায় বিভাগ, সদর দফতর, ঢাকা।

সার্কুলার নম্বর : ০০৩.২.২০১৪


তারিখ: ২৭-০৪-২০১৪ খ্রিঃ

বিষয় : তৃতীয় ও তদোর্ধ্ব বার রিসিডিউল প্রদানের ক্ষেত্রে বর্তমান ডাউনপেমেন্ট এর পরিমাণ হ্রাস করা প্রসংগে।

বিগত ১৩-০৩-২০১৪খ্রিঃ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৪০২-তম অধিবেশনে ঋণ গ্রহীতাদের আর্থিক অসুবিধার কথা বিবেচনা করে এবং সোলেনামা সম্পাদনের মাধ্যমে আদালতে বিচারাধীন মামলা দ্রুত নিষ্পত্তি এবং মামলা বহির্ভূত খেলাপী ঋণ কেইস নিয়মিত করার লক্ষ্যে তৃতীয় বা তদোর্ধ্ব বার রিসিডিউল প্রদানের ক্ষেত্রে বর্তমান ডাউনপেমেন্ট এর পরিমাণ খেলাপী (Overdue) টাকার ৫০% বা সমুদয় পাওনা টাকার (outstanding balance) ৩০% থেকে কমিয়ে যথাক্রমে খেলাপী টাকার ৩০% বা সমুদয় পাওনা টাকার ২৫% (এ দুটির মধ্যে যেটি কম) এ নির্ধারণ করার বিষয়টি অনুমোদন করা হয়েছে। হ্রাসকৃত হারে ডাউনপেমেন্ট পরিশোধের এ বিশেষ সুবিধা ১ মে, ২০১৪ হতে ৩০ জুন, ২০১৪ খ্রিঃ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।

২.০ ঋণ গ্রহীতাদের রিসিডিউল গ্রহণ এর জন্য প্রয়োজনীয় ডাউনপেমেন্ট এর টাকা এককালীন কিংবা কিস্তিতে (১ম জমার তারিখ হতে পরবর্তী সর্বোচ্চ ৮৯ দিনের মধ্যে ডাউনপেমেন্টের অবশিষ্ট টাকা জমা করতে হবে) প্রদান করা যাবে। কিস্তিতে প্রদানের ক্ষেত্রে কমপক্ষে এক কিস্তির (১ম কিস্তি) টাকা ১মে, ২০১৪ হতে ৩০জুন, ২০১৪খ্রিঃ তারিখের মধ্যে জমা করতে হবে। মামলাধীন ঋণ কেইসে প্রয়োজনীয় ডাউনপেমেন্ট এর সম্পূর্ণ টাকা যথানিয়মে ব্যাংকে জমা নিশ্চিত করে যথাশীঘ্র সোলেনামা সম্পাদনের মাধ্যমে দ্রুত মামলা নিষ্পত্তির বিষয়টি সংশ্লিষ্ট অফিস প্রধান কর্তৃক নিশ্চিত করতে হবে। রিসিডিউল প্রদান সংক্রান্ত অন্যান্য শর্তাদি (সার্কুলার নং- ০০২/২০০৮, তারিখ: ১৩-০৩-২০০৮ খ্রিঃ) অপরিবর্তিত থাকবে।

এ সার্কুলার অবিলম্বে কার্যকর হবে।


  
২৭/০৪/১৪  
(মোঃ আফজাল করিম)  
উপ-মহাব্যবস্থাপক (আদায়)

সূত্র নম্বরঃ এইচবি/এইচও/আরডি-৯৩(অংশ-৭)/ ২৬৮৭ (কৌ)

তারিখঃ ২৭-০৪-২০১৪ খ্রিঃ

কার্যকরী ব্যবস্থা গ্রহণার্থে অনুলিপিঃ

- ১। মহাব্যবস্থাপক(অপারেশন), বিএইচবিএফসি, সদর দফতর, ঢাকা।
- ২। উপ-মহাব্যবস্থাপক, (সকল)..... বিএইচবিএফসি, সদর দফতর, ঢাকা।
- ৩। জোনাল ম্যানেজার, বিএইচবিএফসি, জোনাল অফিস (সকল),-----।
- ৪। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিএইচবিএফসি, সদর দফতর, ঢাকা।
- ৫। রিজিওনাল ম্যানেজার, বিএইচবিএফসি, রিজিওনাল অফিস (সকল),-----।
- ৬। অফিস কপি।
- ৭। মাস্টার কপি।

  
২৭.৪.১৪  
সহকারী মহাব্যবস্থাপক (আদায়)